



মার্কিন বার্তা

AMERICAN CENTER 38-A, Jawaharlal Nehru Road, Calcutta 700 071
Tel: 2288-1200 (7 Lines) Fax: 033-2288-1616/9460 E-mail: pacal@state.gov

বিশেষ সংবাদ

৪ আগস্ট ২০০৮

কলকাতার নতুন মার্কিন কনসাল জেনারেল বেথ পেন

কলকাতা -- বেথ পেন কলকাতার নতুন মার্কিন কনসাল জেনারেল হিসাবে দায়িত্বভার গ্রহণ করলেন গত ১ আগস্ট। একজন কেরিয়ার ফরেন সার্ভিস অফিসার হিসাবে পেন এর আগে সেনেগাল, রোয়াডা, ইজরায়েল ও কুয়েতে মার্কিন দূতাবাসে নিযুক্ত ছিলেন। ইরাকের বাগদাদে ২০০৩ সালে মার্কিন কনসালের দপ্তর তিনিই উদ্বোধন করেছিলেন। ওয়াশিংটন, ডিসি-তে মার্কিন বিদেশ দপ্তরের অন্তর্গত শিশু বিষয়ক কার্যালয়েও তিনি গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করেছেন।

তিনি হেনরি ডি জার্ডিনের স্থলাভিষিক্ত হলেন। তিন বছর কলকাতায় কাটানোর পর জার্ডিন তাঁর পরবর্তী নিয়োগের জন্য এখন আপাতত ওয়াশিংটন, ডিসি-তে।

১৯৮০-র দশকে বিশ্ববিদ্যালয়ে পড়ার সময় ভারতীয় জীবন ও সংস্কৃতি সম্পর্কে পেন জানতে পারেন তাঁর এক ভারতীয় সহপাঠীর কাছ থেকে। পরে তাঁদের মধ্যে ঘনিষ্ঠ বন্ধুত্ব গড়ে ওঠে। তখন থেকেই পেন ভারতে আসতে আগ্রহী হয়ে ওঠেন। ১৯৯৪ সালে একবার তিনি কয়েকদিনের জন্য ভারতে এসে এখানকার অর্থনৈতিক সমৃদ্ধি ও ইতিবাচক পরিবর্তন দেখে দারুণ মুগ্ধ হন। পেন বলেন, “আমার বিগত সফরের সময়ের পর থেকে ভারতের অর্থনৈতিক প্রগতি রীতিমতো নাটকীয়”। আর এবার কলকাতায় থাকার সুযোগ পেয়ে এবং পূর্ব ভারতে মার্কিন সরকারের প্রতিনিধিত্ব করতে পেরে তিনি রোমাঞ্চিত।

২০০৩ সালে বাগদাদের হোটেলে বোমা বিস্ফোরণের ঘটনায় সহকর্মী মার্কিন অফিসারের একটি হাত বাঁচানোর স্বীকৃতি হিসাবে পেন মার্কিন বিদেশ দপ্তরের সাহসিকতা পুরস্কার পান। ইরাকে তাঁর কাজের স্বীকৃতি-স্বরূপ পেনকে ২০০৪ সালে ‘কনসুলার অফিসার অব দি ইয়ার’ বলে ঘোষণা করে মার্কিন বিদেশ দপ্তর।

বিদেশ দপ্তরে যোগদানের আগে পেন ন্যাশনাল ডিস্ট্রিক্ট অ্যাটর্নিজ অ্যাসোসিয়েশনের অধীন ন্যাশনাল সেন্টার ফর দি প্রসিকিউশন অভ চাইল্ড অ্যাভিউজ-এ স্টাফ অ্যাটর্নি হিসাবে কাজ করেছেন। পিস কোর স্বেচ্ছাসেবক হিসাবে টিউনিসিয়াতেও পেন কাজ করেছেন। সেখানকার মল্লু-শহর কেবিলিতে তিনি ‘স্পেশাল এডুকেশন’ শেখাতেন।

পেন ২০০৮ সালে ন্যাশনাল ওয়ার কলেজ থেকে ন্যাশনাল সিকিওরিটি স্টাডিজ এমএস ডিগ্রি অর্জন করেন। ১৯৮৮ সালে আমেরিকান ইউনিভার্সিটি থেকে তিনি জেডি করেন এবং ১৯৮৫ সালে পেনসিলভানিয়া স্টেট ইউনিভার্সিটি থেকে তিনি 'স্পেশাল এডুকেশন'-এ বিএস করেন। তাঁর বাড়িও পেনসিলভানিয়ায়। তিনি ফরাসি ভাষায় অনর্গল কথা বলতে পারেন। অল্প-স্বল্প আরবি ও হিব্রুও জানেন। পেনের বাংলা শেখার ইচ্ছেও আছে যাতে তিনি রবীন্দ্রনাথের কিছু কিছু গান ও কবিতা অনুবাদ ছাড়াই পড়তে পারেন।
